

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতুল লাইল শুরু করার সময় আমরা যে তাকবীর, তাসবীহ ও তাহমীদের বর্ণনা দিলাম, তার চেয়ে বেশি বলা বৈধ

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يَزِيدَ فِي مَا وَصَفْنَا مِنَ التَّكْبِيرِ وَالتَّسْبِيحِ وَالتَّحْمِيدِ عِنْدَ افْتِتَاحِ صلاة الليل

## আরবী

2593 \_ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ عَنْ مُعَاوِيَةً بُنِ صَالِحٍ عَنْ أَزْهَرَ بْنِ سَعِيدٍ عَنْ عَاصِمِ بْنِ حُمَيْد: أَنَّهُ سَأَلَ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَفْتِحُ بِهِ إِذَا قَامَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَفْتِحُ بِهِ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ؟ قَالَتْ: لَقَدْ سَأَلْتَنِي عَنْ شَيْءٍ مَا سَأَلَنِي عَنْهُ أَحَدٌ قَبْلَكَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَفْتِحُ بِهِ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ يُصَلِّي يَبْدَأُ فَيُكَبِّرُ عَشْرًا ثُمَّ يُسَبِّحُ عَشْرًا وَيَسْتَغْفِرُ عَشْرًا وَقَالَ (اللَّهُمُّ اغْفِرْ لِي وَاهْدِنِي وَارْزُوقْنِي) عَشْرًا وَيَعُوذُ بِاللَّهِ مِنْ ضِيقٍ يَوْم الْقِيَامَةِ عَشْرًا.

الراوي: عَاصِم بْن حُمَيْدٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2593 | خلاصة حكم المحدث: صحيح - ((صفة الصلاة))، ((صحيح أبي داود)) (742).

## বাংলা

২৫৯৩. আসিম বিন হুমাইদ থেকে বর্ণিত, তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রী আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করেন, তিনি বলেন, "আমি বললাম, "যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাতে কিয়াম করতেন, তখন কী দিয়ে সালাত শুরু করতেন?" জবাবে তিনি বলেন, "তুমি আমাকে এমন একটা বিষয় সম্পর্কে জিজ্ঞেস করেছা, যে বিষয়ে এর আগে আর কেউ জিজ্ঞেস করেনি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন রাতে কিয়াম করতেন, তখন তিনি সালাত শুরু করতেন অতঃপর দশবার তাকবীর দিতেন, তারপর দশবার



তাসবীহ পাঠ করতেন, দশবার আলহামদু লিল্লাহ বলতেন, দশবার লা ইলাহা ইল্লাল্লাহ বলতেন, দশবার ইস্তিগফার করতেন এবং দশবার বলতেন اللَّهُمَّ اغْفِرْ لِي وَاهْدِنِي وَارْزُقْنِي مَارْزُقْنِي (হে আল্লাহ, আপনি আমাকে ক্ষমা করে দিন, আমাকে হেদায়েত দান করুন এবং আমাকে রিথিক দান করুন) এবং আল্লাহর কাছে দশবার কিয়ামত দিনের সংকীর্ণতা থেকে আশ্রয় চাইতেন।"[1]

## ফুটনোট

[1] আবূ দাউদ: ৭৬৬; নাসাঈ: ৩/২০৮-২০৯; ইবনু মাজাহ: ১৩৫৬; মুসনাদ আহমাদ: ৬/১৪৩; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৮৭০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আসিম ইবন হুমায়দ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন